বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বৃত্তি বিজ্ঞপ্তি

স্মারক নং প্রবি/কম্প/ছাহি/ব-১২/সি- ১১০ তারিখ ঃ ৩১/১০/২০২০ইং

নিম্নোল্লেখিত লেভেল, টার্ম এবং শিক্ষাবর্ষে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের **BIIS ACCOUNT** -এ বৃত্তি সংক্রান্ত যাবতীয় তথ্য উল্লেখসহ সরকারী এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সকল প্রকার বৃত্তির ফরম (FORM) দেওয়া আছে। ছাত্র-ছাত্রীগন **BIIS ACCOUNT** -এর দেওয়া বৃত্তির ফরম (FORM) প্রিন্ট নিয়ে সংশ্লিষ্ট হল প্রভোষ্ট এবং বিভাগীয় প্রধানের সুপারিশসহ কম্পট্রোলার অফিস -এর ছাত্রবৃত্তি শাখায় দাখিল করিবে। উল্লেখ্য, ছাত্র-ছাত্রীগন **BIIS** -এ সোনালী ব্যাংক লিঃ, বুয়েট শাখার নিজ সঞ্চয়ী হিসাব নম্বর **Upload** না করা পর্যন্ত বৃত্তির বিল ফরম যাবে না। তবে রিপিটার/অনিয়মিত ছাত্র-ছাত্রীদের বৃত্তির ফরম (FORM) **BIIS** -এ পাওয়া যাইবে না। তাদেরকে কম্পট্রোলার অফিস -এর ছাত্রবৃত্তি শাখায় যোগাযোগ করিতে হইবে।

বৃত্তির ফরম -এ সোনালী ব্যাংক লিঃ, বুয়েট শাখার নিজ সঞ্চয়ী হিসাব নম্বর ব্যতীত অন্য কোন ব্যাংক বা অন্য কোন ছাত্র-ছাত্রীর ব্যাংক হিসাব নম্বর ব্যবহার কোনক্রমেই গ্রহনযোগ্য হইবে না।

নং	লেভেল, টার্ম	ব্যাচ	শিক্ষাবর্ষ	
১)	লেভেল - ৫, টার্ম - ২	২০১৪	২০১৮-২০১৯	উল্লেখ্য, এই বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বাংলাদেশী নিয়মিত সকল (১০০%) ছাত্র-ছাত্রী কোন না কোন (বোর্ড/কারিগরি) বৃত্তি পেয়ে থাকে। তবে ২০১৯-২০২০ইং শিক্ষাবর্ষ হতে বোর্ড বৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের বোর্ড বৃত্তির টাকা বোর্ড কর্তৃপক্ষ সরাসরি ছাত্র-ছাত্রীদের নিজ ব্যাংক হিসাবে পাঠাবে।
২)	লেভেল - ৪, টার্ম - ২	২০১৫	২০১৮-২০১৯	
৩)	লেভেল - ৩, টার্ম - ২	২০১৬	২০১৮-২০১৯	
৪)	লেভেল - ২, টার্ম - ২	২০১৭	২০১৮-২০১৯	
৫)	লেভেল - ১, টার্ম - ২	২০১৮	২০১৮-২০১৯	

৩১ ডিসেম্বর ২০২০ইং বুধবার অফিস সময়ের মধ্যে সকল বৃত্তির ফরম সংশ্লিষ্ট হল প্রভোষ্ট এবং বিভাগীয় প্রধানের সুপারিশসহ কম্পট্রোলার অফিস -এর ছাত্রবৃত্তি শাখায় দাখিল করিতে হইবে। পরবর্তীতে বৃত্তির টাকা তামাদি(Lapse) হয়ে যাবে। সেক্ষেত্রে ছাত্র-ছাত্রীর **BIIS ACCOUNT** -এ বৃত্তির (FORM) থাকবে না এবং বৃত্তির টাকা উত্তোলনেরও আর কোন সুযোগ থাকবে না।

স্বা/-
(মোঃ জসিম উদ্দিন আকন্দ এফসিএমএ)
কম্পট্রোলার

স্মারক নং প্রবি/কম্প/ছাহি/ব-১২/সি- ১১০(১০০) তারিখ ঃ ৩১/১০/২০২০ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হইল ঃ-

১. রেজিস্ট্রার
২. সকল অনুষদের ডীন
৩. সকল বিভাগীয় প্রধান
৪. ছাত্রকল্যান পরিচালক
৫. পরিচালক, আই.আই.সি.টি(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
৬. সকল হল প্রভোষ্ট
৭. উপাচার্য মহোদয়ের পি.এস
৮. উপাচার্য মহোদয়ের পি.এস
৯. সকল বিভাগ ও হল নোটিশ বোর্ড
১০. বিশ্ববিদ্যালয়ের সকল নোটিশ বোর্ড

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়,
ঢাকা।

স্বা/- ৩১/১০/২০২০
(মোহাম্মদ সালেহ্ আহমদ)
উপ-পরিচালক

Scan & email to Dr. Saitur,
Then to notice board.
BUHS Secretary

02.11.20

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

জরুরী বিজ্ঞপ্তি

স্মারক নং প্রবি/কম্প/ছাহি/ব-১২/সি- ১০৯ তারিখ ঃ ৩১/১০/২০২০ইং

এই বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সকল লেভেল, টার্ম এবং শিক্ষাবর্ষের সকল ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, এখনও যে সকল ছাত্র-ছাত্রী ব্যাংক হিসাব(Bank Account) খুলে নাই এবং নিজ নিজ BIIS ACCOUNT -এ ব্যাংক হিসাব নম্বর Upload করে নাই তাদেরকে জরুরী ভিত্তিতে সোনালী ব্যাংক লিঃ, বুয়েট শাখায় সঞ্চয়ী হিসাব খুলতে হবে এবং ব্যাংক হিসাব (Bank Account) নম্বরটি আগামী ৩০/১১/২০২০ইং তারিখের মধ্যে ছাত্র-ছাত্রীদের নিজ নিজ BIIS ACCOUNT -এ Upload করতে হবে। আগামী ৩০/১১/২০২০ইং তারিখের মধ্যে ছাত্র-ছাত্রীগণ নিজ BIIS ACCOUNT -এ সোনালী ব্যাংক লিঃ, বুয়েট শাখার নিজ সঞ্চয়ী হিসাব নম্বর Upload করতে ব্যর্থ হলে বৃত্তির টাকা প্রদান করা যাবে না। পরবর্তীতে বৃত্তির টাকা তামাদি(Lapse) হয়ে যাবে। সেক্ষেত্রে বৃত্তির টাকা উত্তোলনেরও আর কোন সুযোগ থাকবে না।

উল্লেখ্য, সোনালী ব্যাংক লিঃ, বুয়েট শাখার নিজ সঞ্চয়ী হিসাব নম্বর ব্যতীত অন্য কোন ব্যাংক বা অন্য কোন ছাত্র-ছাত্রীর ব্যাংক হিসাব নম্বর ব্যবহার কোনক্রমেই গ্রহনযোগ্য হবে না ।

আরো উল্লেখ্য, এই বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সকল (১০০%) ছাত্র-ছাত্রী (স্থানীয়) কোন না কোন বৃত্তি পেয়ে থাকে । তবে ২০১৯-২০২০ইং শিক্ষাবর্ষ হতে বোর্ড বৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের বোর্ড বৃত্তির টাকা বোর্ড কর্তৃপক্ষ সরাসরি ছাত্র-ছাত্রীদের নিজ ব্যাংক হিসাবে পাঠাবে। সে ক্ষেত্রেও ছাত্র-ছাত্রীগণকে সোনালী ব্যাংক লিঃ, বুয়েট শাখায় সঞ্চয়ী হিসাব খুলতে হবে এবং ব্যাংক হিসাব (Bank Account) নম্বরটি আগামী ৩০/১১/২০২০ইং তারিখের মধ্যে ছাত্র-ছাত্রীদের নিজ নিজ BIIS ACCOUNT -এ Upload করতে হবে।

স্বা/-
(মোঃ জসিম উদ্দিন আকন্দ এফসিএমএ)
কম্পট্রোলার

স্মারক নং প্রবি/কম্প/ছাহি/ব-১২/সি- ১০৯(১০০) তারিখ ঃ ৩১/১০/২০২০ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হইল ঃ-

১. রেজিস্ট্রার
২. সকল অনুষদের ডীন
৩. সকল বিভাগীয় প্রধান
৪. ছাত্রকল্যান পরিচালক
৫. পরিচালক, আই.আই.সি.টি(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
৬. সকল হল প্রভোষ্ট
৭. উপাচার্য মহোদয়ের পি.এস
৮. উপাচার্য মহোদয়ের পি.এস
৯. সকল বিভাগ ও হল নোটিশ বোর্ড
১০. বিশ্ববিদ্যালয়ের সকল নোটিশ বোর্ড

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়,
ঢাকা।

স্বা/- ৩১/১০/২০২০

(মোহাম্মদ সালেহ্ আহমদ)
উপ-পরিচালক

Scan & email to Dr. Saifur
+ Notice board.

Dr. Saifur ও student দের অবহিত করুন। 02.11.2020